



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা  
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।  
[www.dbwctp64.gov.bd](http://www.dbwctp64.gov.bd)

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

নথি নং- ৩২.০২.০০০০.২০১.৪৮৪০.৪৫৮.২২.৩২ (ক)

তারিখ: ২৫/০৬/২০২২


অফিস আদেশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থা পরিচালিত ‘জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)’ এর সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ইতোমধ্যে যোগদান করেছেন। তার দায়িত্বের অংশ হিসেবে তিনি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ প্রতিদিন মনিটরিং করবেন। প্রশাসনিক বা কারিগরি বিষয়ে বা বিশেষ ক্ষেত্রে অত্র প্রকল্পের প্রোগ্রামার এবং সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ) উক্ত মনিটরিং কাজের তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করবেন।

মনিটরিং এর কার্যপরিধি:

- ১। মনিটরিং এর সময়কাল প্রতিদিন সকাল ৮:০০ ঘটিকা থেকে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত অথবা সরকার কর্তৃক নির্ধারিত অফিস সময় পর্যন্ত।
- ২। কর্মকর্তা/কর্মচারী ও ইন্টার্নীদের অফিসে নিয়মিত উপস্থিতি এবং অফিস ত্যাগের বিষয়ে তথ্য সংগ্রহ।
- ৩। প্রশিক্ষার্থীদের সাথে প্রশিক্ষণ বিষয়ে প্রতিদিন ধারাবাহিকভাবে মত বিনিময়।
- ৪। অফিস ইকুইপমেন্টের বিষয়ে হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ।
- ৫। কেন্দ্রের সার্বিক সমস্যা সম্পর্কে হালনাগাদ তথ্য উপস্থাপন।
- ৬। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার প্রকল্প পরিচালক বরাবর মনিটরিং বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য সকল কর্মকর্তা/কর্মচারী, ইন্টার্নী ও প্রশিক্ষার্থীগণকে সার্বিক সহযোগিতা করার জন্য বলা হলো।

  
(মোঃ মনিরুজ্জামান)

প্রকল্প পরিচালক (উপসচিব)

ফোনঃ ৫৮৩১৪৮০৪

ই-মেইল: [pd@dbwctp64.gov.bd](mailto:pd@dbwctp64.gov.bd)

সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক (কম্পিউটার)

জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা).....সকল।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা (সকল)।
- ০২। পিএ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
- ০৩। পিএ টু নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
- ০৪। সংশ্লিষ্ট নথি।